দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 13 AUG 2015 ...
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৭ ...

# জলাবদ্ধতায় তৃতীয়বার পেছালো ১০২ স্কুলের ২য় সাময়িক পরীক্ষা

■ আব্দুল গাফ্ফার সুমন, মনোহরগঞ্জ (কুমিল্লা) সংবাদদাতা

মনোহরগঞ্জে বন্যায় জলাবদ্ধতার কারণে অনিশ্চিত হয়ে পড়েছে ১০২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২য় সাময়িক পরীক্ষা। বিঘ্নিত হচ্ছে প্রায় ২৫ হাজার শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম। এতে হতাশ হয়ে পড়েছে কোমলমতি শিক্ষার্থীরা। গত ২ আগস্ট সারাদেশে একযোগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরীক্ষা শুরু হলেও মনোহরগঞ্জে বন্যায় অধিকাংশ বিদ্যালয়ের কক্ষে ও মাঠে পানি থাকায় নির্দিষ্ট সময়ে পরীক্ষা নেয়া সম্ভব হয়নি।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, মনোহরগঞ্জে বন্যা পরিস্থিতি স্বাভাবিক না হওয়ায় ২ আগস্টের পরিবর্তে ১২ আগস্ট পরীক্ষা নেয়ার তারিখ ঘোষণা করা হয়েছিল। কিন্তু বিদ্যালয়গুলোর কক্ষের পানি না কমায় গতকাল বুধবার মাসিক সমন্বয় সভায় আগামী ২৪ আগস্ট পরীক্ষা অনুষ্ঠানের তারিখ পুনরায় নির্ধারণ করা হয়েছে। অভিভাবকরা জানান, বিদ্যালয়সংলগ্ন অধিকাংশ রাস্তাঘাট, বিদ্যালয় মাঠ এখনো পানিতে নিমজ্জিত। বন্যার কারণে কিছু বিদ্যালয় বন্ধ থাকায় ও নিয়মিত ক্লাস না হওয়ায় ফলাফল বিপর্যয়েরও আশংকা রয়েছে। এর প্রভাব পড়তে পারে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায়। উপজেলার ভরনীখণ্ড সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম জানান, বিদ্যালয় মাঠ ও আশেপাশে এখনো হাঁটু পানি থাকায় শিশুরা বিদ্যালয়ে আসতে পারছে না। এতে পাঠদানসহ সকল কার্যক্রম ব্যাহত হচ্ছে। উপজেলা শিক্ষা কর্মকর্তা কাজী মফিজউদ্দিন আহমেদ জানান, বন্যা পরিস্থিতি ও শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তা বিবেচনায় জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে পরামর্শক্রমে পরীক্ষার তারিখ পেছানো হয়েছে। তবে বন্যার পানি কমতে শুরু করেছে। আগামী ২৪ আগস্ট পরীক্ষার পরবর্তী তারিখ নির্ধারণ করা হয়েছে।